

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 10-12-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

CM-Sonamura :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল সোনামুড়ায় ১৮টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি প্রথমে সোনামুড়া মহকুমা শাসক কার্যালয়ের নুতন দ্বিতল ভবনের উদ্বোধন করেন। সে অনুষ্ঠান থেকেই তিনি ভার্চুয়ালভাবে ১৭টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশিত সবকা সাথ সবকা বিকাশের দিশায় বর্তমান রাজ্য সরকার জনকল্যাণে সঠিকভাবে কাজ করছে। তিনি শিক্ষার প্রসারে, স্বাস্থ্য পরিষেবার মানোন্নয়নে এবং ত্রিস্তর পঞ্চায়েতের পরিকাঠামো শক্তিশালী করার লক্ষ্যে, রাজ্য সরকারের কাজকর্মের বিস্তারিত উল্লেখ করেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, পঞ্চায়েত ও উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ, সংখ্যালঘু কল্যাণ মন্ত্রী শুরা চরণ নোয়াতিয়া প্রমুখ।

Loksabha-SIR:

লোকসভায় গতকাল নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনা শুরু হয়েছে। আলোচনায় অংশগ্রহণ করে আইন ও বিচারমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল বলেন, কংগ্রেস শাসনামলে বেশ কয়েকবার ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (SIR) করা হয়েছিল, কিন্তু এখন বিরোধীরা এই প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলছে।

আলোচনায় বিজেপি সাংসদ নিশিকান্ত দুবে, বিরোধী দলগুলিকে এসআইআরনিয়ে রাজনীতি করার জন্য অভিযুক্ত করেন।

নির্বাচনী সংস্কারের বিষয়ে বক্তব্য রাখতে গিয়ে, লোকসভার বিরোধী দলনেতা এবং কংগ্রেস নেতা রাহুল গান্ধী ভোটার তালিকায় নকল ভোটারের বিষয়টি উত্থাপন করেন।

সমাজবাদী পার্টির নেতা অখিলেশ যাদব বলেন, নির্বাচনী সংস্কার কেবল তখনই সম্ভব যদি নির্বাচন কমিশন নিরপেক্ষভাবে কাজ করে।

President:

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল নয়াদিল্লিতে এক অনুষ্ঠানে, ২০২৩ এবং ২০২৪ সালের জাতীয় হস্তশিল্প পুরস্কার প্রদান করেছেন। রাজ্যের সিপাহীজলা জেলার নলছড়ের বাসিন্দা বাঁশ-বেত শিল্পী রঞ্জিত দাসও, অসামান্য দক্ষতার জন্য রাষ্ট্রপতির কাছ থেকে পুরস্কার গ্রহণ করেছেন।

অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, হস্তশিল্প কেবল একটি সংস্কৃতির পরিচয়-ই বহন করে না, তা মানুষের জীবিকার একটি গুরুত্বপূর্ণ সংস্থানও।

অনুষ্ঠানে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং বলেন, সম্প্রতি জিএসটি হার ১৮ শতাংশ থেকে ৫ শতাংশে কমিয়ে আনার ফলে, এই ক্ষেত্রটিও লাভবান হচ্ছে। উল্লেখ্য, ২০২৩ ও ২০২৪ সালের জন্য মোট ১২ জন কারিগর শিল্প গুরু পুরস্কার পেয়েছেন এবং ৩৬ জন কারিগর জাতীয় পুরস্কার পেয়েছেন।

Governor-Gomoti :

রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টায়, গ্রামীণ এলাকার জনগণ কেন্দ্রীয় প্রকল্পের সুযোগ সুবিধা যথাযথভাবে পাচ্ছেন। গতকাল গোমতী জেলার সীমান্তগ্রাম

জলেয়ায়, বি এস এফ ক্যাম্পে গ্রামবাসীদের সঙ্গে মতবিনিময় সভায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু একথা বলেন। তিনি সীমান্ত গ্রামের জনগনের আর্থ-সামাজিক মানোন্নয়নে, কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলির বিস্তারিত উল্লেখ করেন। রাজ্যপালের সঙ্গে ছিলেন, প্রশাসন ও বি.এস.এফের উচ্চপদস্থ আধিকারিকগণ। পরে, শ্রী রেড্ডি শুকনাছড়ি এলাকার মহাবোধি স্কুলে স্থানীয় গ্রামবাসীদের সঙ্গে মত বিনিময়ও করেন।

Indigo :

বিমান সংস্থার বিমান চলাচল ব্যবস্থা পর্যালোচনায় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী রামমোহন নাইডু গতকাল নয়াদিল্লিতে বিমান সংস্থার শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন। সামাজিক মাধ্যমে শ্রী নাইডু জানিয়েছেন, বিমান চলাচল নিয়ে সর্বশেষ পরিস্থিতি জানাতে ইন্ডিগোর CEO পিটার এলবারসকে বৈঠকে ডাকা হয়েছিল। তিনি জানান, ইন্ডিগো কর্মকর্তা নিশ্চিত করেছেন যে গত ৬ই ডিসেম্বর পর্যন্ত বাতিল ফ্লাইটগুলোর ক্ষেত্রে যাবতীয় ফেরত প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। কেন্দ্রীয় মন্ত্রী জানান, সরকার মনে করছে বিমান সংস্থাটির কার্যকলাপ স্থিতিশীল করতে ইন্ডিগোর সমস্ত রুট সীমিত করা প্রয়োজন।

Khowai-Padmabil :

কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ন মন্ত্রণালয়ের উদ্যোগে গতকাল খোয়াই মহকুমার পদ্মবিল ব্লকের ১৭টি এডিসি ভিলেজের ১৮৪ দিব্যাঙ্গজন ও প্রবীণ নাগরিককে বিনামূল্যে ১৫ লক্ষ ১৫ হাজার টাকার চলাচল সহায়ক যন্ত্রপাতি প্রদান করা হয়। এ উপলক্ষ্যে পদ্মবিল ব্লক প্রাঙ্গনে আয়োজিত

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্লক অ্যাডভাৰেজারি কমিটির চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা প্রমুখ।

Saras Fair-Dharmanagar:

ধর্মনগরের DNV ময়দানে আগামী ২৮শে ডিসেম্বর থেকে উত্তর জেলাভিত্তিক সরস মেলা শুরু হবে। মেলা সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে গতকাল ধর্মনগরে উত্তর জেলা পরিষদের সভাপতি অপর্ণা নাথের পৌরহিত্যে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। জানানো হয় মেলা চারদিনই মেলা প্রাঙ্গণে জেলার স্বসহায়ক দলের তৈরি বিভিন্ন পণ্যের প্রদর্শনী ও বিক্রয় ব্যবস্থা থাকবে। বিভিন্ন খাদ্য সামগ্রী, ঐতিহ্যবাহী পোশাক, বাঁশ বেতের সামগ্রী, জুমের উৎপাদিত বিভিন্ন দ্রব্য ইত্যাদিও থাকবে স্বসহায়ক দলের স্টলগুলিতে। রাজ্যের ও বহিঃরাজ্যের শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেবেন।

Detain ganja at Amtali:

আমতলির চৌমুহনী বাজারে একটি গাড়িতে তল্লাশি চালিয়ে গতকাল পুলিশ ৯৪ কিলো শুঁকনো গাঁজা উদ্ধার করেছে। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, এই ঘটনায় একজন গাঁজা পাচারকারীকে গ্রেপ্তার করা হয়েছে।

Veterinary Hospital-Dhalai :

প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস গতকাল ধলাই জেলার রইস্বাবাড়িতে নবনির্মিত ভেটেরিনারি হাসপাতালের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন ধলাই জিলা সভাপিনেত্রী সুস্মিতা দাস, বিধায়িকা নন্দিতা দেববর্মা রিয়াং প্রমুখ।

Weather:

রাজ্যে শীতের আমেজ শুরু হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা কমে দাঁড়িয়েছে ১২.৯ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়, চলতি শীত মরসুমে এখনও পর্যন্ত এটাই সর্বনিম্ন তাপমাত্রা। আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৮ ডিগ্রির কাছাকাছি।
